



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
পিএবিএক্স নম্বর: ৫৫০১৩৭২৬-২৮; হেল্প লাইন নম্বর: ১৬১০৮
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

অভিযোগ নং-সুয়োমটো ঢা.৩৯/২২

অভিযোগকারী -

জাতীয় মানবাধিকার কমিশন

বনাম

প্রতিপক্ষ -

ক্রমিক নং	তারিখ	আদেশ	মন্তব্য
০১	২৮/১২/২০২২	<p>গত ২৭ ডিসেম্বর ২০২২ তারিখ দৈনিক সমকাল পত্রিকায় “সাভারে বখাটেদের উৎপাতে অতিষ্ঠ পোশাক শ্রমিকরা” শিরোনামে প্রকাশিত সংবাদ প্রতিবেদনের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে।</p> <p>প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, সাভার সদর ইউনিয়নের কলমা এলাকায় নারী পোশাক শ্রমিকরা বখাটেদের উৎপাতে অতিষ্ঠ। প্রায়ই তাঁরা নির্যাতন-নিপীড়নের শিকার হচ্ছেন। ঘটছে ধর্ষণ-ছিনতাইয়ের ঘটনাও। এ বখাটেদের সবার বয়স ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। প্রভাবশালীদের ভয়ে তাঁরা থানায় অভিযোগও করতে পারছেন না। গত ২৭ ডিসেম্বর সরেজমিনে সাভারের কলমা পশ্চিমপাড়া এলাকায় গিয়ে নানা অভিযোগ পাওয়া যায়। নারী পোশাক শ্রমিকরা জানান, কারখানা ছুটির পর পথের মোড়ে মোড়ে বখাটেরা তাঁদের উত্ত্যক্ত করে। কখনও তারা মোবাইল দেখার কথা বলে তা ছিনিয়ে নেয়। এ ছাড়া মাস শেষে কারখানায় বেতন হলে কৌশলে শ্রমিকদের কাছে টাকা ধার চায়। দিতে অস্বীকৃতি জানালে মারধর করে। এ ছাড়া নারী শ্রমিকদের নানা ভয়ভীতি দেখিয়ে ধর্ষণও করে। পোশাক শ্রমিক বিউটি আক্তার জানান, ভোর রাতে উঠে রান্নাবান্না করে কোনো মতে খাবার খেয়ে কারখানায় ছুটে যান। ছুটি হলে বাসায় ফেরার জন্য অস্থির থাকেন। কিন্তু পথের মোড়ে বখাটেরা 'আপা, একটু কথা শোনেন' বলে থামায়। কোন কারখানায় চাকরি করেন, কোন বাসায় থাকেন, জানতে চায়। কখনও মোবাইল দেখতে চায়। এ প্রসঙ্গে সাভার সদর ইউনিয়নের চেয়ারম্যান সোহেল রানা সমকালকে জানান, এ এলাকার বিভিন্ন মহল্লায় গড়ে উঠেছে একাধিক কিশোর গ্যাং। এরা মাদক ব্যবসা, ধর্ষণ, ছিনতাইসহ নানা অপরাধের সঙ্গে জড়িত হয়ে পড়ছে। তিনি বলেন, প্রতিদিনই পোশাক শ্রমিকরা তার কাছে বিচার নিয়ে আসেন। তাদের থানায় গিয়ে অভিযোগ দিতে বলেন। কিন্তু তারা থানায় যেতে চায় না।</p> <p>বাংলাদেশের রপ্তানি আয়ের অন্যতম প্রধান ও সম্ভাবনাময় পোশাক শিল্প খাতকে কেন্দ্র করে গড়ে উঠেছে কর্মসংস্থানের একটি বিশাল বাজার। উক্ত পোশাক শিল্পে নারী পোশাক শ্রমিকদের কর্মস্থলে আসা যাওয়ার পথে বখাটেদের উৎপাতে অতিষ্ঠ হওয়ার ঘটনা অত্যন্ত উদ্বেগজনক ও মানবাধিকারের লঙ্ঘন মর্মে কমিশন মনে করে। এমতাবস্থায়, উক্ত ঘটনাটি তদন্তপূর্বক যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে আগামী ১৯/০২/২০২৩ তারিখের মধ্যে কমিশনকে অবহিত করতে অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা-কে বলা হল।</p> <p>স্বাক্ষরিত/- ড. কামাল উদ্দিন আহমেদ চেয়ারম্যান জাতীয় মানবাধিকার কমিশন</p>	

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/সুয়োমটো ঢা.৩৯/২২- ৪০৭৪

তারিখ: ২৮/১২/২০২২

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, বাড়ি#০৩, সেক্টর# ০৪, সড়ক#১৫, উত্তরা, ঢাকা।

সংযুক্তঃ ফর্দ।


(সুমিত্রা পাইক)
উপপরিচালক

ফোন:-০২-৫৫০১৩৭২১